



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট
Website: sylhet.polytech.gov.bd



“পরীক্ষার্থীদের প্রতি জরুরী নির্দেশনা”

সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট কেন্দ্রে আগামী ০৭-০৫-২০১৪ খ্রি. তারিখ থেকে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব নিয়মিত ও ২য়, ৪র্থ, ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয় ও ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা - ২০২৩ অনুষ্ঠিত হবে। অত্র কেন্দ্রে অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীদেরকে পরীক্ষা সংশ্লিষ্ট নিম্নবর্ণিত বিষয়ে অধিকতর যত্নশীল হওয়ার জন্য বিশেষ নির্দেশ দেয়া হল:

- শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করা।
- পরীক্ষার মূল প্রবেশপত্র (চলতি পর্বের) (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষর ও সীলকৃত) এবং মূল রেজিস্ট্রেশন কার্ড গেইটে প্রদর্শন পূর্বক পরীক্ষা কক্ষে প্রবেশ করা।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে পরীক্ষায় অংশগ্রহণ করা।
- যথাযথ প্রস্তুতি গ্রহণ করে পরীক্ষায় অংশগ্রহণ করা।
- মোবাইল ফোন, যে কোন প্রকার ঘড়ি, ইলেকট্রনিক্স যন্ত্রপাতি, প্রোগ্রামিং ক্যালকুলেটর, বই-খাতা, যে কোনো প্রকার ব্যাগ বা মানিব্যাগ পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কিছু সঙ্গে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না।
- পরীক্ষা কক্ষে নিজ নিজ সরঞ্জাম (যেমন- ক্যালকুলেটর, জ্যামিতি বক্স, রুলার, ইরেজার, পেন্সিল কাটার ইত্যাদি) সাথে থাকবে এবং কোন ভাবেই অন্য পরীক্ষার্থীর সরঞ্জাম ব্যবহার করা যাবে না।
- স্ব-স্ব প্রতিষ্ঠানের নির্দিষ্ট ইউনিফর্ম (পোষাক) পরিধান করে পরীক্ষায় অংশ গ্রহণ করা।
- প্রবেশ পত্রের নির্দিষ্ট স্থানে সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আঠা/গাম দিয়ে লাগানো এবং ছবি ও প্রবেশপত্র জুড়ে স্ব-স্ব প্রতিষ্ঠানের সীল ব্যবহার করা।
- প্রতিদিন নোটিশ বোর্ড থেকে আসন ব্যবস্থা দেখে পরীক্ষা কক্ষে প্রবেশ করা।
- বোর্ড কর্তৃক প্রকাশিত পরীক্ষার রুটিন যথাযথভাবে জেনে সঠিক তারিখ ও সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করা।
- কোন প্রকার আপত্তিকর/অননুমোদিত কাগজপত্র সঙ্গে নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
- পরীক্ষা কক্ষে এদিক ওদিক তাকানো এবং অপরাপর পরীক্ষার্থীর সঙ্গে কথা বলা যাবে না।
- একই উত্তরপত্রে দুই রকম/দুই ব্যক্তির হাতের লেখা থাকবে না।
- উত্তরপত্র দাখিল না করে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না।
- উত্তরপত্রে বিরূপ মন্তব্য লেখাও অপরাধ বিধায় এ বিষয়ে সতর্ক থাকা।
- পরীক্ষার্থীর প্রবেশপত্রের পিছনের পৃষ্ঠায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা সংশ্লিষ্ট সমন্বিত শৃঙ্খলাবিধি যথাযথ ভাবে মেনে চলা।

নির্দেশক্রমে

কর্তৃপক্ষ

সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট।